

যে সকল করদাতা ২০১৬-১৭ কর বছরে প্রবর্তিত নতুন রিটার্ন ফরম (IT-11GA2016) ব্যবহার করবেন তাদেরকে IT-10BB2016 ফরম ব্যবহার করতে হবে। যে সকল ব্যক্তি-করদাতা পুরনো ফরমে রিটার্ন দাখিল করবেন তারা এই রিটার্নের সাথে আগের বিবরণী দাখিল করবেন।

জীবনযাত্রা সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী ফরমে করদাতার আয় বছর সংশ্লিষ্ট ব্যয় বা কর পরিশোধের তথ্য সন্নিবেশ করতে হবে। এ বিবরণীতে উল্লিখিত খরচসমূহের ঘোফল পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণীতে উল্লেখ করতে হবে।

২০১৬-১৭ কর বছরে নতুন প্রবর্তিত জীবনযাত্রা সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী (IT-10BB2016) এর বিভিন্ন অংশের বিবরণ:

ক্রমিক নং-১: কর বছরের তথ্য দিতে হবে। ২০১৯-২০২০ কর বছরের জন্য জীবনযাত্রা সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী দাখিলের ক্ষেত্রে এ ঘরে বাংলা বা ইংরেজীতে নিম্নরূপভাবে লিখতে হবে:

২	০	১	৯	-	২	০
---	---	---	---	---	---	---

ক্রমিক নং-২: আয় বছরের শেষ দিনের তারিখ উল্লেখ করতে হবে। তারিখটি দিন-মাস-বছর আকারে লিখতে হবে। ২০১৯-২০২০ কর বছরের জন্য জীবনযাত্রা সংশ্লিষ্ট ব্যয়ের বিবরণী দাখিলের ক্ষেত্রে এ ঘরে বাংলা বা ইংরেজীতে নিম্নরূপভাবে লিখতে হবে:

৩	০	০	৬	২	০	১	৯
---	---	---	---	---	---	---	---

ক্রমিক নং-৩: করদাতার নাম লিখতে হবে।

ক্রমিক নং-৪: করদাতার টিআইএন লিখতে হবে।

ক্রমিক নং-৫: এ ক্রমিকে করদাতা ও তার পরিবারের নির্ভরশীল সদস্যদের ভরণ পৌষ্ণ ব্যয়ের তথ্য দিতে হবে।

ক্রমিক নং-৬: এ ক্রমিকে আবাসন সংক্রান্ত ব্যয়ের তথ্য লিখতে হবে। ভাড়া বাড়ীতে বসবাস না করা হলে মন্তব্যের ঘরে নিজের বাড়ী, পিতা/মাতার বাড়ী, নিয়োগ কর্তা প্রদত্ত বাড়ী অথবা অন্য কারো হলে সে তথ্য লিখতে হবে। নিজ বাড়ীর রক্ষণাবেক্ষণ ব্যয় (যেমন পৌরকর, সার্ভিস চার্জ ইত্যাদি) যদি থাকে তবে তা এখানে লিখতে হবে।

ক্রমিক নং-৭: এ ক্রমিকে যানবাহন বিষয়ে যাবতীয় ব্যয় যেমন-জ্বালানী, রক্ষণাবেক্ষণ, ডাইভারের বেতন ইত্যাদি খাতে ব্যয়ের তথ্য দিতে হবে।

ক্রমিক নং-৮: বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানির বিল, পয়ঃনিষ্কাশন ও দৈনন্দিন বর্জ্য অপসারণ সংক্রান্ত খরচ, আবাসিক টেলিফোন বিল, ইন্টারনেট ও টেলিভিশন চ্যানেল সাবস্ক্রিপশন বিল, গৃহস্থালির সহায়ক কর্মী ও গৃহস্থালী ও সেবা সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়ের তথ্য এ ক্রমিকে দিতে হবে।

ক্রমিক নং-৯: এ ক্রমিকে সন্তানদের পড়াশোনার ব্যয়ের তথ্য দিতে হবে।

ক্রমিক নং- ১০: উৎসব, অনুষ্ঠান, উপহার, দেশে ও বিদেশ ভ্রমণ, অবকাশ, অনুদান, মানবিক সহায়তাসহ অন্যান্য বিশেষ ব্যয়ের তথ্য এ ক্রমিকে দিতে হবে।

ক্রমিক নং- ১১: উপরের ক্রমিক ৫ হতে ১০ এ বর্ণিত ব্যয়ের বাইরে অন্য কোন ব্যয় হয়ে থাকলে সে খরচ, চিকিৎসা খরচ থাকলে সে অংক এ ঘরে লিখতে হবে।

ক্রমিক নং- ১২: জীবনযাপন সংশ্লিষ্ট মোট খরচ অর্থাৎ ক্রমিক ০৫ হতে ক্রমিক ১১ তে প্রদর্শিত ব্যয়ের সমষ্টি এ ঘরে লিখতে হবে।

ক্রমিক নং- ১৩: এ ঘরে করদাতা কর্তৃক উৎসে পরিশোধিত করএবং করদাতার নিজের পরিশোধ করা আয়কর, সারচার্জ অথবা অন্য কোন পরিশোধিত অংক লিখতে হবে। বিবেচ্য আয় বছরে অন্য কোন কর বছরের কর, সারচার্জ অথবা কর-সংশ্লিষ্ট অন্য কোন অংক পরিশোধ করা হলে তাও এ ক্রমিকে উল্লেখ করতে হবে।

ক্রমিক নং- ১৪: ক্রমিক নং ১২ ও ১৩ এর প্রদর্শিত অংকের সমষ্টি এ ক্রমিকে উল্লেখ করতে হবে।